

## জাতীয় বিশ্ববিদ্যালয় মোবাইল এ্যাপস চালু

স্টাফ রিপোর্টার, গাজীপুর || দেশের শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয় প্রথমবারের মতো মোবাইল এ্যাপস চালু করেছে। জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজ কর্তৃপক্ষসহ যে কোন শিক্ষক-শিক্ষার্থী যাতে খুব সহজে কান্তিমুক্ত সেবা লাভ করতে পারেন সে লক্ষ্যে ওই চারটি এ্যাপস চালু করা হয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজ-শিক্ষক-শিক্ষার্থীদের জন্য যে চারটি এ্যাপস চালু করা হয়েছে সেগুলো হলো N এনইউ স্টুডেন্টস এ্যাপ, এনইউ কলেজ এ্যাপ, এনইউ টিচার্স এ্যাপ, এনইউ ফোন ডাইরেক্টের এ্যাপ।

বুধবার বিশ্ববিদ্যালয় মঞ্চের কমিশনের চেয়ারম্যান প্রফেসর ড. কাজী শহীদুল্লাহ এ এ্যাপগুলোর উদ্বোধন করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. হারুন-অর-রশিদ।

### ঠাকুরগাঁওয়ে পানিতে ডুবে শিক্ষার্থীর মৃত্যু

নিজস্ব সংবাদদাতা, ঠাকুরগাঁও, ৯ অক্টোবর || সদর উপজেলার গড়েয়ায় গোপালপুর শিমুল ডাঙি গ্রামে ভুলী নদী পার হতে গিয়ে পানিতে ডুবে জীবন কুমার (১০) নামে পঞ্চম শ্রেণীর এক শিক্ষার্থীর মৃত্যু হয়েছে। বুধবার সকালে নদীতে ভাসমান অবস্থায় তার লাশ উদ্ধার করে। জানা যায়, ওই গ্রামের প্রেম বাবুর ছেলে জীবন কুমার গড়েয়া গোপালপুর প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণীর ছাত্র।

### মাগুরায় শিশু

নিজস্ব সংবাদদাতা মাগুরা থেকে জানান, মহম্মদপুর উপজেলার ঘোপ বাঁওড়ে পানিতে ডুবে শাকিল শেখ (৮) নামে এক শিশুর মৃত্যু হয়েছে। মৃত শাকিল উক্ত গ্রামের জুয়েল শেখের ছেলে।



সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক গ্লোব জনকর্ত শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্সেস লিঃ ও জনকর্ত লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডি.এ ৭৯৬।

কার্যালয়: জনকর্ত ভবন,  
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্সটার্ন,  
জিপিও বাস্ক: ৩০৮০, ঢাকা।

ফোন: ৯৩৪ ৭৭৮০-৯৯ (অটোহাস্টিং ২০ টি লাইন),  
ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫  
ই-মেইল: janakanthanews@gmail.com

আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম): মান্নান ভবন (দোতলা),  
১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

Copyright ® All rights reserved by [dailyjanakantha.com](http://dailyjanakantha.com)